

স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিরাআত শুরু করার পূর্বে ইস্তিআযাহ

উপরোক্ত একটি দুআ পড়ার পর নবী মুবাশ্শির (ﷺ) কিরাআত শুরু করার জন্য শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করতেন, বলতেন,

أُعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ، مِنْ هَمْزِهِ وَنَفْخِهِ وَنَفْثِهِ اَ

উচ্চারণ:- আউযু বিল্লা-হি মিনাশ শাইত্বা-নির রাজীম, মিনহামিয়িইী অনাফখিহী অনাফষিহ্। আবার কখনো বলতেন,

أَعُوْذُ بِاللهِ السَّمِيْعِ الْعَلِيْمِ، مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ، مِنْ هَمْزِهِ وَنَفْخِهِ وَنَفْتِهِ ا

উচ্চারণ- আউযু বিল্লা-হিস সামীইল আলীম, মিনাশ শাইত্বা-নির রাজীম, মিনহামিয়িই অনাফখিহী অনাফিষিহ। আর্থ- আমি সর্বশ্রোতা সর্বজ্ঞাতা আল্লাহর নিকট বিতাড়িত শয়তান থেকে তার প্ররোচনা ও ফুৎকার হতে আশ্রয় প্রার্থনা করছি। (আবূদাউদ, সুনান ৭৭৫, দারাক্কুত্বনী, সুনান, তিরমিয়ী, সুনান,হাকেম, মুস্তাদরাক, ইআশা:, ইবনে হিব্বান, সহীহ, ইরওয়াউল গালীল, আলবানী ৩৪২নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2857

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন